# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

স্মারক নং ৪৯.০২.০০০০.০০৬.০১.০২৯.২৬-২৪৬ তারিখ: ০১.০৯.২০২৬

**বিষয়: কোরিয়াগামী কর্মীদের সার্ভিস চার্জ ও অন্যান্য ফি পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে অবস্থিত কোরিয়া প্রজাতন্ত্রের দূতাবাস কর্তৃক মনোনীত কোরিয়া ভিসা আবেদন কেন্দ্র নির্ধারিত সার্ভিস ফি গ্রহণের মাধ্যমে ভিসা-সংক্রান্ত সেবা প্রদান করবে। উক্ত কার্যক্রম আগামী ২ সেপ্টেম্বর ২০২৬ (বুধবার) থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হবে। তৎপ্রেক্ষিতে, ইপিএস কর্মসূচির আওতায় দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের ভিসা আবেদন কেন্দ্রের নির্ধারিত সার্ভিস ফিসহ বোয়েসেলের সার্ভিস চার্জ পুনর্নির্ধারণ করা হয়েছে। ভিসা আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ফি প্রযোজ্য হবে এবং অন্যান্য সকল ফি অপরিবর্তিত থাকবে:

| ক্র. নং | বিবরণ | বর্তমান ফি | নতুন ফি |
|---|---|---|---|
| ক | ভিসা আবেদন কেন্দ্রের VFS সার্ভিস ফি | - | ২১৫০/- |
| খ | দূতাবাস কর্তৃক ভিসা ফি (৬০ মার্কিন ডলার) | ৭,৫০০/- | অপরিবর্তিত |
| গ | বোয়েসেলের সার্ভিস চার্জ | ৩০,০০০/- | অপরিবর্তিত |
| ঘ | বোয়েসেলের সার্ভিস চার্জ-এর উপর ১৫% ভ্যাট | ৪,৫০০/- | অপরিবর্তিত |
| ঙ | বর্হিগমন ছাড়পত্র-এর জন্য কল্যাণ তহবিল ফি | ৩,৫০০/- | অপরিবর্তিত |
| চ | বর্হিগমন ছাড়পত্র-এর জন্য উৎসে আয়কর | ৮০০/- | অপরিবর্তিত |
| ছ | প্রবাসী কর্মী বীমা ফি | ১,০০০/- | অপরিবর্তিত |
| | সর্বমোট = | ৪৯,৪৫০/- | |

২। দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের 'বোয়েসেল, ঢাকা' বরাবর মোট ৪৯,৪৫০/- (উনপঞ্চাশ হাজার চারশ পঞ্চাশ) টাকার পে-অর্ডার সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত প্রশিক্ষণ বাবদ রি-এন্ট্রি কমিটেড কর্মীদের ৩,২০০/- (তিন হাজার দুইশ) টাকা এবং সাধারণ ও স্পেশাল সিবিটি কর্মীদের ৬,০০০/- (ছয় হাজার) টাকা 'বোয়েসেল, ঢাকা' বরাবর পৃথক পে-অর্ডার প্রদান করতে হবে।

৩। উল্লেখ্য যে, দক্ষিণ কোরিয়ায় গমনের উদ্দেশ্যে যে সকল কর্মী সার্ভিস চার্জ ও অন্যান্য ফি বাবদ ৪৭,৩০০/- (সাতচল্লিশ হাজার তিনশ) টাকার পে-অর্ডার ইতোপূর্বে বোয়েসেলে জমা প্রদান করেছেন তাদের ফ্লাইটের পূর্বে অতিরিক্ত ভিসা আবেদন কেন্দ্রের নির্ধারিত সার্ভিস ফি ২,১৫০/- (দুই হাজার একশ পঞ্চাশ) টাকা বোয়েসেলে জমা প্রদান করতে হবে।

৪। এ আদেশ আগামী ২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

০১/০৯/২০২৬

এস. এম. শফি কামাল
(যুগ্ম সচিব)
কোম্পানি সচিব।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বোয়েসেল, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য)
০২। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বোয়েসেল, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়ের অবগতির জন্য)
০৩। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা, ঢাকা (সংশ্লিষ্ট প্রার্থী উক্ত ফি গ্রহণের জন্য)
০৪। ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বোয়েসেল, ঢাকা (কার্যার্থে অবগতির জন্য)।
০৫। অভ্যর্থনা ডেস্ক, বোয়েসেল (সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার জন্য)।
০৬। সংশ্লিষ্ট নথি।

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd